গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বরগুনা সদর, বরগুনা।
www.aclbarguna.sadar.gov.bd

স্মারক নং-৩১.১০.০৪২৮.০০৩.০১.০০৯.২৩- ১২০ তারিখঃ ০৫/০৩/২০২৪ খ্রিঃ

## জলমহাল ইজারার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন প্রদানের বিজ্ঞপ্তি

"জাল যার জলা তার" এই নীতির আলোকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আওতায় বরগুনা জেলার বরগুনা সদর উপজেলার ইজারাযোগ্য ২০.০০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্ন তফসিলভুক্ত বদ্ধ-জলমহাল সমূহ বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকৃত মৎস্যজীবি সমবায় সংগঠন / সমিতি এর অনুকূলে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিল করার লক্ষ্যে ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করা যাচ্ছে। আবেদন দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বরগুনা সদর, বরগুনা ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বরগুনা সদর, বরগুনা হতে একলক্ষ টাকার বেশি মূল্যের জলমহালের জন্য ১০০০/-(এক হাজার) টাকা এবং একলক্ষ টাকার নিচে মূল্যের জলমহালের জন্য ৫০০/-(পাঁচ শত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) দরপত্র ফরম ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বরগুনা সদর, বরগুনা এর অফিস কক্ষের সামনে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করা যাবে।

ইজারা বিজ্ঞপ্তি (প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির জন্য)।

| ক্র: নং | দরপত্র সংক্রান্ত তথ্যবলী | | | |
|---|---|---|---|---|
| | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিল | | দরপত্র উন্মুক্তকরণ |
| | | তারিখ | সময় | |
| ১ | ১৮-০৩-২০২৪ তারিখ বেলা ৩.৩০ টা পর্যন্ত। | ১৯-০৩-২০২৪ | দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৯-০৩-২০২৪ তারিখ বেলা ৩.০০ টা। |

১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্র: নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহাল/পুকুরের নাম | মৌজার নাম/ জে.এল নং | হাল দাগ নং | জমির পরিমাণ (একরে) | ০৩ (তিন) বছরে সরকারি ইজারা মূল্য | ইজারা মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | এম বালিয়াতলী | নিমতলী আজিজাবাদ পুকুর | ৫২ নং নিমতলী আজিজাবাদ | ৯৪৩ | ০.৪৪ একর | ৪০০০/- | ১৪৩১-১৪৩৩ |
| ০২ | ঐ | মাইঠা পুকুর | ৩২ নং মাইঠা | ২০৭১ | ১.৩১ একর | ৫০০০/- | ঐ |
| ০৩ | ঐ | মাইঠা পুকুর-০২ | ৩২ নং মাইঠা | ২৮২৬ | ০.৩১ একর | ৫০০০/- | ঐ |
| ০৪ | ঐ | রক্ষাচন্ডী পুকুর | ৪৫ নং রক্ষাচন্ডী | ৯৮৬ | ০.৩৩ একর | ৩০০০/- | ঐ |
| ০৫ | ঐ | রক্ষাচন্ডী পুকুর-০২ | ৪৫ নং রক্ষাচন্ডী | ৯৮৯ | ০.১৮ একর | ৩০০০/- | ঐ |
| ০৬ | ঐ | তালতলী পুকুর | ৫৩ নং তালতলী | ১৪৪ | ০.৬৩ একর | ৫০০০/- | ঐ |
| ০৭ | ঐ | নলীরদোন বাধের দিঘী | ৪২ নং পদ্মা, ৪৭ নং পালের বালিয়াতলী | ৬২২,৬২৩,৬৩৭,৪৬, ৫৫,৫৬ | ১০.৭১ একর | ১৩১০০০/- | ঐ |
| ০৮ | ঢলুয়া | নলীর পুকুর | ৩৭ নং নলী | ২৪১,২৪২,৬৫৩,৬৫৪,১১৮৬ | ০.৫৫ একর | ৩০০০/- | ঐ |
| ০৯ | ঐ | চরকগাছিয়া পুকুর | ৩৬ নং চরকগাছিয়া | ৩১১, ৩১২ | ১.১১ একর | ৩০০০/- | ঐ |
| ১০ | ঐ | চরকগাছিয়া পুকুর | ৩৬ নং চরকগাছিয়া | ১৪৮৭, ১৪৮৮ | ০.৯৫ একর | ৩০০০/- | ঐ |
| ১১ | ঐ | ডালভাঙ্গার পুকুর | ৫১ নং ডালভাঙ্গা | ১৯৬৮ | ০.৬৬ একর | ৩০০০/- | ঐ |
| ১২ | ঐ | খাজুরা পুকুর | ৫০ নং খাজুরা | ৪৪৬,৪৪৭;২৫২,২৫৩ | ০.৮৫ একর | ৫০০০/- | ঐ |
| ১৩ | ঐ | ঢলুয়া পুকুর | ৩৫ নং ঢলুয়া | ৪৫৭,৪৫৮ | ০.৮ একর | ৫০০০/- | ঐ |
| ১৪ | বরগুনা | পোটকাখালীর পুকুর | ৩৪ নং পোটকাখালী | ১৯৮,১৯৯ | ০.৯১ একর | ৩০০০/- | ঐ |
| ১৫ | ঐ | হেলিবুনিয়ার পুকুর | ৩১ নং হেলিবুনিয়া | ৪৮৭,৬৫৩ | ০.৯৯ একর | ৪০০০/- | ঐ |
| ১৬ | ঐ | বাঁশবুনিয়ার পুকুর | ৪৮ নং বাঁশবুনিয়া | ৯৮০,৯৮১ | ০.৫৬ একর | ৫০০০/- | ঐ |
| ১৭ | বুড়িরচর | করৈতলা মাইঠার পুকুর | ২৭ নং করৈইতলা | ১৫১৩ | ০.১৯ একর | ৫০০০/- | ঐ |
| ১৮ | ঐ | করৈতলা মাইঠার পুকুর-০২ | ২৭ নং করৈইতলা | ১১০৪ | ০.৯২ একর | ৫০০০/- | ঐ |
| ১৯ | ঐ | ছোট লবনগোলার খাল | ২৬ নং ছোটলবনগোলা | ১৫৪৪,১৯৪৪ | ১৩.৪৪ একর | ১৫০০০০/- | ঐ |
| ২০ | ঐ | সোনাতলার খাল | ২৯ নং সোনাতলা | ৪৭৫ | ৫.৩২ একর | ১৪০০০/- | ঐ |
| ২১ | বড় গৌরিচন্না | খাজুরতলার পুকুর | ০৮ নং খাজুরতলা | ৪১০৮ | ০.৯ একর | ১০০০০/- | ঐ |
| ২২ | বদরখালী | কুমড়াখালীর পুকুর | ০৬ নং কুমড়াখালী | ১৮৪৫ | ০.৩৭ একর | ২৫০০/- | ঐ |

### শর্তাবলী

১। নিদিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত, সে সমিতি বা সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহে, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেনা। কোন ব্যক্তি বা নিবন্ধনহীন সংগঠন আবেদন করতে পারবেন না। অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/ সমিতি প্রযোজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা এর অনুকূলে জামানত হিসেবে আবেদনকারী নিবন্ধিত সমিতি তার আবেদনের সহিত দাখিল করবেন। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

৩। কাংখিত ইজারা মূল্যের কম মূল্য কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না।

৪। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে জলমহাল বা পুকুর ইজারার প্রথম বছরের-সাকুল্য ইজারা মূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ১৫% ভ্যাট/মুল্য সংযোজন কর ১/১১৩৩/০০১৮/০৩১১ নং কোডে এবং ১০% আয়কর ১/১১৪১/০০৭০/০১১১ নং কোডে চালানের মাধ্যমে প্রদান করতে হবে। ইজারার অর্থ

(চলমান পাতা নং-২)

আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। তবে জলমহালের বর্তমান আয়তন বা দখলনামায় উল্লেখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি তুলতে পারবে না।

৫। আবেদন দাখিলের পূর্বেই সরেজমিনে জলমহালের তফসিল, অবস্থান ও আয়তন যাচাই করে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। যে সকল মৎস্যজীবি সংগঠন/সমিতি এর নিকট কোন জলমহালের ইজারার অর্থ বকেয়া আছে অথবা সার্টিফিকেট মোকদ্দমা/অন্য মোকদ্দমা রুজু করা হয়েছে সে সকল সংগঠন/সমিতি দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারবে না।

৭। কোনক্রমেই জলমহাল সাব-লিজ দেয়া যাবে না। সাব-লিজ দেয়া হলে ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লিজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৮। জলমহাল ইজার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ শে চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

৯। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবী/ অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১০। ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবেনা। রাক্ষুসে মাছ চাষ করা যাবেনা। বর্ষা মৌসুমে ইজারাকৃত জলমহাল প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রুপ নিলে ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের / জলমহালের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

১১। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন / সমিতি এর অনুকূলে সর্বোচ্চ ০২ (দুই) টি জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা যাবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ সহ ইজারা সংক্রান্ত সকল নীতিমালা/বিধি-বিধান পরিপত্র মেনে চলতে হবে অন্যথায় ইজারা বাতিল সহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৩। কর্তৃপক্ষ যে কোন কিংবা সকল আবেদন কোন কারণ দর্শানো ব্যাতিরেকেই গ্রহণ কিংবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

০৫/০৩/২৪

মোঃ শামীম মিঞা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
বরগুনা সদর, বরগুনা।

স্মারক নং-৩১.১০.০৪২৮.০০৩.০১.০০৯.১৯- ১২০/১ (৫০) তারিখঃ ০৫/০৩/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১০৯-বরগুনা-১, জাতীয় সংসদ, ঢাকা।
২। জেলা প্রশাসক, বরগুনা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
৫। মেয়র, বরগুনা পৌরসভা, বরগুনা সদর, বরগুনা।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। উপজেলা ----------------------------অফিসার, বরগুনা সদর, বরগুনা।
২। চেয়ারম্যান ------------------------------------ ইউনিয়ন পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।
৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------------------------------------ইউনিয়ন ভূমি অফিস, বরগুনা সদর, বরগুনা । তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১০। সভাপতি /সম্পাদক ------------------------------------------------------------------------------------------
------------------------------------------------------------------------------------------------------ বরগুনা সদর, বরগুনা ।
১১। নোটিশ বোর্ড ।

০৫/০৩/২৪

চন্দন কর
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
বরগুনা সদর, বরগুনা ।